

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৬ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/১০ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৫.২৭৯—ঢাকা মেডিক্যাল কলেজ এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্যাথলজি বিভাগের ভূতপূর্ব প্রধান অধ্যাপক ডা. ফারুক আনোয়ারুল আজিম গত ০৫ নভেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইম্মালিল্লাহে রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর।

২। ডা. ফারুক আনোয়ারুল আজিমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৩ কার্তিক ১৪২৩/০৭ নভেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৬০২৯)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

২৩ কার্তিক ১৪২৩
ঢাকা: -----
০৭ নভেম্বর ২০১৬

ঢাকা মেডিক্যাল কলেজ এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্যাথলজি বিভাগের ভূতপূর্ব প্রধান অধ্যাপক ডা. ফারুক আনোয়ারুল আজিম গত ০৫ নভেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইমালিন্গাহে রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর।

ডা. ফারুক আজিম ঢাকা বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস এবং এমফিল ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি যুক্তরাজ্য থেকে ডিসিপি ও ডিপ্যাথ, যুক্তরাষ্ট্র হতে এমডি ডিগ্রি এবং আমেরিকান কলেজ অব চেস্ট ফিজিশিয়ান্স-এর ফেলোশিপ অর্জন করেন।

অধ্যাপক ডা. ফারুক আনোয়ারুল আজিম ঢাকা মেডিক্যাল কলেজ এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্যাথলজি বিভাগের প্রধান হিসাবে নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেন।

ডা. ফারুক আনোয়ারুল আজিম ব্যক্তিজীবনে ছিলেন বিনয়ী ও সদালাপী। নিবেদিতপ্রাণ এই চিকিৎসক বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে বিশেষ অবদান রেখে গেছেন। তিনি শিশুস্বাস্থ্য ফাউন্ডেশনের নির্বাহী সদস্য ছিলেন। বঞ্চিত শিশুদের কল্যাণে তিনি জাতীয় অধ্যাপক ডা. এম আর খানের নিবিড় সাহচর্যে কাজ করেছেন।

ডা. ফারুক আনোয়ারুল আজিমের মৃত্যুতে জাতি একজন নিবেদিতপ্রাণ চিকিৎসককে হারাল। চিকিৎসা-ক্ষেত্রে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা ডা. ফারুক আনোয়ারুল আজিমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর রুহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।